



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পাট-১)/ ৫৬৭

তারিখ : ০৩/০৩/২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর -এর নিম্নলিখিত রাজস্ব খাতের শূন্য পদসমূহ অভ্যন্তরীণ প্রার্থীদের মধ্য হইতে পূরণের নিমিত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারীদের নিকট হইতে নিম্নরূপ শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)
১।	এমএলএসএস (ক) ডীন, মেকানিক্যাল ইঞ্জিঃ অনুষদ (খ) পরীক্ষা নিয়ন্ত্রক অফিস (গ) অডিট সেল ৳ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	১ (এক) টি ১ (এক) টি ১ (এক) টি	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলী :

- ১। অগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হইতে জীবন-বৃত্তান্তের ফরমেট সংগ্রহ পূর্বক পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বর পত্রের সত্যায়িত কপিসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- ২। বর্ণিত পদের জন্য ৫ (পাঁচ) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- ৩। আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে “রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর বরাবরে পৌছাইতে হইবে।
- ৪। আবেদন পত্রের সাথে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে ১০০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।
- ৫। বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ঢাপ্রপ্রবি/৬৬৬; তারিখ : ৩১/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক জারীকৃত নিয়োগের সাধারণ নিয়মাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অনুযায়ী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
- ৬। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২১/০৩/২০১৬ খ্রিঃ রোজ সোমবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।
- ৭। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৮। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে ‘অঙ্গীকারনামা’ প্রদান করিতে হইবে।

০৩.০৩.১৬

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৯২০৪৭০৩ (অফিস)।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পাট-১)/ ৫৬৭

তারিখ : ০৩/০৩/২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

- ১। পিএস টু ডিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান;
- ৩। সহকারী পরিচালক, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিস;
- ৪। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- ৫। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

০৩.০৩.১৬

(মোঃ মফিজুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার